

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ভূমি বিষয়ক আইন সম্পর্কিত ভূয়া খবর/গুজব প্রসঙ্গে

সতর্কতামূলক গণবিজ্ঞপ্তি


এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'ভূমি আইন পাস হয়েছে, ১০ই জানুয়ারি থেকে কার্যকর হয়েছে' মর্মে একটি ভূয়া খবর/গুজব সম্প্রতি বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে/ইন্টারনেটে ছড়িয়ে পড়েছে যা ভূমি মন্ত্রণালয়ের নিয়মিত সংবাদ পর্যালোচনার সময় নজরে আসে। এই ধরনের ভূয়া খবর/গুজব জনমনে বিরূপ প্রভাব ও বিভ্রান্তি সৃষ্টি করছে - যা মোটেই কাম্য নয়।

২। প্রকৃত তথ্য হচ্ছে 'ভূমি আইন' নামে কোনো আইন জাতীয় সংসদে এখন পর্যন্ত প্রণয়ন করা হয়নি। সর্বসাধারণকে এ ধরনের ভূয়া খবর/গুজবের বিষয়ে অধিকতর সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

৩। উল্লেখ্য, উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ভূয়া খবর/গুজব ইন্টারনেটে প্রচার করা বাংলাদেশের প্রচলিত আইনে শাস্তিযোগ্য অপরাধ।

৪। হেল্পলাইন ১৬১২২ (বিদেশ থেকে +৮৮০ ৯৬১২৩ ১৬১২২) নম্বরে কল করে, কিংবা, ভূমি মন্ত্রণালয়ের সার্ভিস পেজ 'ভূমিসেবা Land Service' ফেসবুক পেজে (www.facebook.com/land.gov.bd) কमेंট করে কিংবা মেসেজ (বার্তা) প্রেরণ করে ভূমি সংক্রান্ত তথ্য জানা যাবে, ভূমি সেবা গ্রহণ করা যাবে এবং ভূমি বিষয়ক অভিযোগ জানানো যাবে।

৫। প্রসঙ্গত, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী বাংলাদেশে আইন প্রণয়নের ক্ষমতা একমাত্র জাতীয় সংসদের। আইন প্রণয়নের ঘটনা জাতীয় জীবনে উল্লেখযোগ্য সংবাদ, যা সাধারণত দেশের সকল ধরনের জাতীয় গণমাধ্যমে খুবই গুরুত্বের সাথে প্রচারিত হয়। এছাড়া নতুন আইন প্রণয়নের পর তা সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমেও প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট সকল সরকারি পোর্টালে প্রকাশ করা হয়।


22/01/2023

(সৈয়দ মোঃ আব্দুল্লাহ আল নাহিয়ান)

জনসংযোগ কর্মকর্তা

ভূমি মন্ত্রণালয়

মোবাইল: ০১৭৫৪-০৯৭২৭৯

ইমেইল: pro@minland.gov.bd